

নং-৪৬.১০.০০০০.০৯৮.৯৯.৭৯৪.১৮ - ১৭

তারিখ: ০২ মাঘ ১৪২৫
২২ জানুয়ারি ২০১৯

বিষয়ঃ- কারণ দর্শানো নোটিশ।

যেহেতু আপনি জনাব বিলকিছ বানু (পরিচিতি নং-০১৪৪), দৈনিক মজুরী ভিত্তিক ক্রিনার, বর্জ্য ব্যবস্থাপনা শাখা (সাবেক অঞ্চল-৩, ওয়ার্ড নং-২২) বর্তমানে অঞ্চল-৪ ওয়ার্ড নং-৯ এ কর্মবিরতির আদেশপ্রাপ্ত। বর্জ্য ব্যবস্থাপনা শাখা, অঞ্চল-৩ এর ২২ নং ওয়ার্ডে কর্মরত দৈনিক মজুরী ভিত্তিক ক্রিনার জনাব মোঃ হিরা (পরিচিতি নং-০১৪৫) বিগত সেপ্টেম্বর, ২০১৮ মাসে কর্তৃপক্ষের বিনানুমতিতে ১৮(আঠার) দিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় সংশ্লিষ্ট পরিচ্ছন্ন পরিদর্শক জনাব মোঃ রবি উল্লাহ বিধি মোতাবেক কর্মস্থলে অনুপস্থিত দেখায়। ফলশ্রুতিতে আপনি ক্রিনার জনাব মোঃ হিরার সাথে সংঘবদ্ধ ও ক্ষিপ্ত হয়ে ০৯/১০/২০১৮ খ্রিঃ তারিখ সকাল ৬:২০ ঘটিকায় হাজিরাস্থলে পরিচ্ছন্ন পরিদর্শক জনাব মোঃ রবি উল্লাহ এর উপর অতর্কিত হামলা চালিয়ে গুরুতর জখম করেছেন মর্মে বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের প্রতিবেদনে প্রতিবেদিত হয়েছে।

আপনার এহেন আচরণ কর্তব্য কাজে অবহেলা ও অসদাচরণের শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ।

এ অবস্থায়, কর্তব্য কাজে অবহেলা ও অসদাচরণের অভিযোগে আপনাকে কেন কর্মচ্যুত করা হবেনা তা এ নোটিশ প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে লিখিতভাবে জানাতে নির্দেশ দেয়া হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ নোটিশ জারি করা হলো।



(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব
ফোন-৮৮৩৪৯৩০
ফ্যাক্স-৮৮৩৪৯৮৩

জনাব বিলকিছ বানু
দৈনিক মজুরী ভিত্তিক ক্রিনার
(পরিচিতি নং-০১৪৪)
বর্জ্য ব্যবস্থাপনা শাখা (সাবেক অঞ্চল-৩, ওয়ার্ড নং-২২)
বর্তমানে কর্মবিরতির আদেশপ্রাপ্ত, অঞ্চল-৪ ওয়ার্ড নং-৯
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল(আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। প্যানেল মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬। অফিস কপি।